তারিখ ... ২.৫.৯.৮০ ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক বাংলা

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের দফতর
ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস
সাতমসজিদ সড়ক, ঢাকা-৭।

# ছাত্র ভর্তির বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা পরিদফতরের অধীনে ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস, ঢাকা-এ তিন বৎসর মেয়াদী ডিপ্লোমা-ইন-প্রিন্টিং টেকনোলজিতে ১ম বর্ষে ছাত্র ভর্তির জন্য ইনস্টিটিউটের নির্ধারিত ফরমে-১৬-৯-৮০ (মঙ্গলবার বেলা ১২-০০টার মধ্যে আবেদনপত্র আহবান করা যাইতেছে।

আবেদন করিবার ন্যূনতম যোগ্যতা নিম্নে দেওয়া হইল:

১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা তার সমমানের কোন পরীক্ষায় প্রার্থীকে মোট নম্বরের ৪৫% নম্বর এবং সাধারণ অংকে কমপক্ষে ৪০% নম্বর পাইতে হইবে।

অথবা

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা তার সমমানের কোন পরীক্ষায় পদার্থ বিদ্যা, রসায়ন বিদ্যা এবং অংকে পাস হইতে হইবে।

২। সকল প্রার্থীকেই স্বাস্থ্যবান ও ডাক্তারী পরীক্ষায় উপযুক্ত হইতে হইবে।

৩। মহিলা প্রার্থীরাও ভর্তির যোগ্য।

নিম্নলিখিত দলিলসমূহ আবেদনপত্র-এর সহিত দাখিল করিতে হইবে:

১। মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা তার সমমানের সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি। ইহার অবর্তমানে যে শিক্ষাপ্রতিষ্ঠান হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট অথবা তার সমমানের সার্টিফিকেট পরীক্ষায় পাস করিয়াছে সেই শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে মূল সার্টিফিকেট।

২। পরীক্ষার মার্কসীট (স্কুলের হেড মাস্টারের নিকট হইতে দিলে চলিবে) উচ্চ মাধ্যমিক পরীক্ষায় মার্কসীট (যদি থাকে) কলেজের অধ্যক্ষের নিকট হইতে দিলে চলিবে)।

৩। সর্বমোট যে শিক্ষাপ্রতিষ্ঠানে পড়াশুনা করিয়াছে সেই শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধানের নিকট হইতে সৎ চরিত্রের সার্টিফিকেট।

৪। অধ্যক্ষ, ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস, ঢাকা-এর অনুকূলে নগদ দশ টাকা দরখাস্তের ফি দিতে হইবে।

৫। পাসপোর্ট সাইজ ফটোগ্রাফ, সত্যায়িত ২ কপি।

৬। ভর্তির সময় মূল সার্টিফিকেট ও প্রশংসাপত্র দেখাইতে হইবে।

নিম্নলিখিত বিষয়ে এই শিক্ষাপ্রতিষ্ঠানে যে ভর্তির নির্বাচনী পরীক্ষা হইবে সেই পরীক্ষায় প্রার্থীগণকে মেধানুসারে নির্বাচন করা হইবে। লিখিত পরীক্ষা:

১৯৮০-৮১ সেসনে মোট ৫০ জন ছাত্র ও ছাত্রী ভর্তি হইতে পারিবে। নিম্নলিখিত সময়সূচী অনুযায়ী নির্বাচনী পরীক্ষা (লিখিত ও মৌখিক) অনুষ্ঠিত হইবে।

| বিষয় | পূর্ণমান | সময় | তারিখ |
|---|---|---|---|
| অংক | ২০০ নম্বর | সকাল ৯টা হইতে ১০টা | ১৭-৯-৮০ |
| বিজ্ঞান ও সাধারণ জ্ঞান | ১০০ ,, | সকাল ১১টা হইতে ১২-৩০ মিঃ | —ঐ— |

উক্ত লিখিত পরীক্ষায় যাহারা শতকরা ৩০ নম্বর পাইবে কেবলমাত্র তাহাদের নাম ইনস্টিটিউটের নোটিশ বোর্ডে টাঙ্গানো হইবে। যাহাদের নাম নোটিশ বোর্ডে টাঙ্গানো হইবে তাহাদিগকে ১৮-৯-৮০ তারিখ অত্র ইনস্টিটিউটের অধ্যক্ষের কক্ষে সকাল ৯টায় মৌখিক পরীক্ষার জন্য উপস্থিত থাকিতে হইবে। মৌখিক পরীক্ষার জন্য পূর্ণমান ৫০ নম্বর নির্ধারিত আছে। ভর্তির জন্য নির্ধারিত প্রার্থীদের নাম মেধানুসারে ইনস্টিটিউটের নোটিশ বোর্ডে ২০-৯-৮০ তারিখ বিকাল ২-টায় টাঙ্গানো হইবে। নির্ধারিত প্রার্থিগণকে ভর্তির পূর্বেই ইনস্টিটিউটের মনোনীত ডাক্তারের নিকট হইতে শারীরিক যোগ্যতার সার্টিফিকেট আনিতে হইবে।

ইনস্টিটিউটে ভর্তি এবং হোস্টেলে ভর্তির জন্য কত টাকা লাগিবে এবং অন্যান্য বিস্তারিত জানার জন্য অত্র অফিসে যোগাযোগ করিলে জানা যাইবে।

নির্বাচিত ছাত্রদেরকে অবশ্যই আগামী ২৭শে সেপ্টেম্বর-এর মধ্যে ভর্তি হইতে হইবে।

(আবদুল আউয়াল)
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
ইনস্টিটিউট অব গ্রাফিক আর্টস
সাতমসজিদ সড়ক, ঢাকা-৭।

তথ্য—৭৬২(২)১৯৮
ডি—২৮০০